অ্যান্ড্রু এম. কুওমো
গভর্নর

হাওয়ার্ড এ. জুকার, M.D., J.D.
কমিশনার

লিসা জে. পিনো, M.A., J.D.
কার্যনির্বাহী ডেপুটি কমিশনার

নিউ ইয়র্ক স্টেট
COVID-19 টিকাদান প্রোগ্রামের নির্দেশিকা
26 এপ্রিল, 2021

উদ্দেশ্য ও প্রেক্ষাপট:

16 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কে বসবাসকারী, অধ্যয়ন বা কাজ করা সমস্ত ব্যক্তি টিকা পাওয়ার যোগ্য। 18 বছরের কম বয়সী ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় সম্মতি সম্পর্কিত নির্দেশিকার জন্য পরিশিষ্ট এ দেখুন। NYS ভ্যাকসিন প্রোগ্রামে নথিভুক্ত সমস্ত সরবরাহকারী যে কোনও যোগ্য ব্যক্তিকে টিকা দিতে পারে।

19 এপ্রিল থেকে, নির্বাহী আদেশ 202.102 প্রাপ্তির সাত দিনের মধ্যে একটি সরবরাহকারীর বরাদ্দ কৃত COVID-19 ভ্যাকসিন পরিচালনায় ব্যর্থতার জন্য বর্ধিত দেওয়ানি জরিমানা বাতিল করেছে। এই বর্ধিত জরিমানা বাতিলের উদ্দেশ্য হল সমস্ত সরবরাহকারীকে টিকাকরণের অ্যাপয়েন্টমেন্টের সময়সূচীতে নমনীয়তা দেওয়া যদি তাদের ভ্যাকসিন বরাদ্দ ব্যবহারের জন্য সাত দিনের বেশি প্রয়োজন হয়। এই নমনীয়তা এমন সময়ে সরবরাহকারীদের দেওয়া হচ্ছে যেখানে রাজ্য কমপক্ষে একটি ডোজ দিয়ে অর্ধেকেরও বেশি প্রাপ্তবয়স্ক জনসংখ্যাকে টিকা দিয়েছে এবং ভ্যাকসিনের চাহিদা স্থির হতে শুরু করেছে।

যদিও বর্ধিত দেওয়ানি জরিমানা বাতিল করা হয়েছে, কর্মক্ষমতা, থ্রুপুট, প্রচেষ্টা, এবং সরবরাহকারীদের দ্বারা ভ্যাকসিনের কার্যকর প্রদান ভবিষ্যতে ভ্যাকসিন বরাদ্দের সিদ্ধান্ত নেওয়ার মূল কারণ হিসাবে অব্যাহত থাকবে, ইক্যুইটি, অ্যাক্সেস এবং আঞ্চলিক ইতিবাচকতার হারসহ।

নিউ ইয়র্ক স্টেটের সকল টিকা প্রদানকারী, নিউ ইয়র্ক সিটিতে অবস্থিত ও ফেডারেল কর্মসূচিগুলিতে অংশগ্রহণকারীদের সহ, টিকার অগ্রাধিকার সম্পর্কিত নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ ডিপার্টমেন্ট (New York State Department of Health, NYSDOH) এর নির্দেশিকা এবং NYS COVID-ভ্যাকসিন ট্র্যাকারের কাছে সোমবার এবং মঙ্গলবারে রিপোর্ট করা সহ অন্য কোনো প্রাসঙ্গিক নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে।

যোগ্য ব্যক্তি:

16 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কে বসবাসকারী, অধ্যয়ন বা কাজ করা সমস্ত ব্যক্তি টিকা দেওয়ার যোগ্য।

টিকা প্রদানকারীর দায়িত্ব:

- কোন প্রদানকারী বা সত্ত্বা সকল প্রাপ্ত ডোজ যোগ্য জনসংখ্যাকে পাওয়ার সপ্তাহের মধ্যে প্রদান করার শর্ত বজায় রাখতে না পারলে, তাকে অবশ্যই রাজ্যকে তা জানাতে হবে প্রাপ্তির পাঁচ দিনের মধ্যে CovidVaccineNotUsed@health.ny.gov এ নির্বাহী আদেশ 202.88, যেমন প্রসারিত অনুযায়ী।

- NYSDOH-এর আগাম অনুমোদন এবং সম্মতি ছাড়া টিকা অন্য কোনো ফ্যাসিলিটি, সরবরাহকারী, অনুশীলনকারী বা বিভাগে পুনঃবিতরণ করা যাবে না। টিকা পুনঃবিতরণের জন্য প্রয়োজনীয় ফ্যাসিলিটিগুলিকে অবশ্যই COVIDVaccineRedistribution@health.ny.gov ঠিকানায় একটি সম্পন্নকৃত পুনঃবিতরণ ফরম জমা দিতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (NYSDOH) এর অনুমোদন না হওয়া পর্যন্ত পুনঃবিতরণ করা উচিত নয়।
    - কোনও সরবরাহকারী NYSDOH-এর পূর্ব অনুমোদন ছাড়াই সীমিত সময়ের টিকাকরণ ক্লিনিক আয়োজনের উদ্দেশ্যে অন্য স্থানে ভ্যাকসিন পরিবহন করতে পারে। যদি সরবরাহকারী NYSIIS-এ তাদের নিজস্ব ইনভেন্টরির বিপরীতে ডোজ প্রদান করে এবং রিপোর্টিং করে তবে সমস্ত অব্যবহৃত ভ্যাকসিন সেদিন ক্লিনিকের সমাপ্তিতে মূল অবস্থানে ফিরিয়ে নিয়ে যেতে হবে। সরবরাহকারীকে পরিবহন ও পরিচালনার সময় অবশ্যই টিকার মালিকানা ও নিয়ন্ত্রণ বজায় রাখতে হবে।
- যারা এই টিকা দিচ্ছেন ডোজ পাওয়া মাত্র তাদের অগ্রাধিকার দেওয়া উচিত।
- সকল সরবরাহকারীকে অবশ্যই "অপেক্ষমাণ" যোগ্য ব্যক্তিদের একটি দৈনিক তালিকা রাখতে হবে যাতে স্বল্প সময়ের নোটিশে টিকা পরিচালনার জন্য উন্মুক্ত নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়। যত তাড়াতাড়ি সরবরাহকারীরা জানতে পারবে হবে যে মানুষের টিকা দেওয়ার চেয়ে বেশি ডোজ আছে, তখন "অপেক্ষমাণ" যোগ্য ব্যক্তিদের ডাকা উচিত অথবা গ্রহণযোগ্য ব্যবহারের মেয়াদ শেষ হওয়ার আগে অতিরিক্ত যোগ্য প্রাপকদের ফ্যাসিলিটি বা ক্লিনিকে আনার জন্য অন্যান্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। স্ট্যান্ডবাই তালিকায় অবশ্যই প্রথম এবং দ্বিতীয় ডোজের জন্য যোগ্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করতে হবে। (আরো নির্দেশনার জন্য পৃষ্ঠা 3 দেখুন।)
- সরবরাহকারী এক ঘন্টার মধ্যে ব্যবহার করার চেয়ে বেশি সিরিঞ্জ প্রিফিল করা উচিত নয়। ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকার প্রিফিলড সিরিঞ্জ ভর্তি করার ছয় ঘন্টার মধ্যে অবশ্যই ব্যবহার করতে হবে; জ্যানসেন (জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson)) টিকা ভর্তি করার দুই ঘন্টার মধ্যে ব্যবহার করতে হবে। যদি একটি ক্লিনিকের কর্মঘন্টা তাড়াতাড়ি শেষ করতে হয় অথবা অতিরিক্ত সংখ্যক প্রাপক মেডিকেল স্ক্রিনিং করতে ব্যর্থ হয় অথবা তাদের অ্যাপয়েন্টমেন্টের জন্য হাজির না হয় সেক্ষেত্রে অতিরিক্ত প্রিফিলিং অপচয় হতে পারে। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকাদান কর্মসূচিতে অংশগ্রহণকারী সরবরাহকারীদের জন্য দিনের শেষে বা ক্লিনিকের কার্যদিবসের শেষে অবশিষ্ট COVID-19 টিকার ডোজ ব্যবহারের নির্দেশিকা দেখুন।
- সকল ফ্যাসিলিটি বা অনুশীলনকারীকে তাদের কর্মীদের মধ্যে টিকার আপটেক ট্র্যাক করতে হবে এবং হেলথ ইমার্জেন্সি রেসপন্স ডেটা সিস্টেম (Health Emergency Response Data System, HERDS) জরিপের ভিত্তিতে বা NYS COVID ভ্যাকসিন ট্র্যাকারের অংশ হিসেবে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department Of Health, NYSDOH)-এর কাছে আপটেক ডেটা সরবরাহ করতে হবে।

প্রতিটি প্রদানকারী যে টিকা প্রাপ্ত হচ্ছে:

- তাদের টিকা দেওয়া যেকোনো ব্যক্তি কর্তৃক সম্পন্ন করা NYS COVID-19 টিকা ফরম ও প্রমাণ ও সত্যায়ন প্রদর্শন করে তা নিশ্চিত করতে হবে।
- কি পরিমাণ টিকা পাবে সে সম্পর্কে অবহিত করা হবে।
- যোগ্য ব্যক্তিদের দ্রুত প্রয়োগ করে প্রাপ্ত সকল টিকার ডোজগুলি সাত দিনের মধ্যে ব্যবহার করার চেষ্টা করতে হবে।

- পরিচালনার 24 ঘন্টার মধ্যে নিউ ইয়র্ক স্টেট ইমিউনাইজেশন ইনফরমেশন সিস্টেম (New York State Immunization Information System, NYSIIS) বা নিউ ইয়র্ক সিটির সিটিওয়াইড ইমিউনাইজেশন রেজিস্ট্রি (Citywide Immunization Registry, CIR) ব্যবহার করে সকল টিকা অবশ্যই রিপোর্ট করতে হবে।
- এই COVID-ভ্যাকসিন ট্র্যাকার ব্যবহার করে টিকা বিষয়ক প্রশাসকগণকে **অবশ্যই টিকা প্রাপ্তদের সম্পর্কে অতিরিক্ত তথ্য জানাতে হবে প্রত্যেক সোমবার এবং বৃহস্পতিবার**।
- **ফার্মাসিগুলির ক্ষেত্রে,** ফার্মাসিস্টরা শুধুমাত্র COVID-19 এর জন্য 16 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের টিকা দেওয়ার জন্য অনুমোদিত, পাবলিক রেডিনেস অ্যান্ড ইমার্জেন্সি প্রিপেয়ারনেস [PREP] অ্যাক্ট এর অধীনে ঘোষণাপত্রের সপ্তম সংশোধনী অনুসারে COVID-19 এর বিরুদ্ধে মেডিকেল কাউন্টারমেজারের জন্য।

COVID-19 ভ্যাকসিন ক্লিনিকাল ট্রায়াল সাইটের জন্য বার্তা:

একটি অনুস্মারক হিসাবে, নিউ ইয়র্ক রাজ্যে প্রদত্ত সমস্ত COVID-19 ভ্যাকসিন অবশ্যই NYSIIS বা CIR এ প্রবেশ করতে হবে। এর মধ্যে ক্লিনিকাল ট্রায়ালের পরীক্ষামূলক শাখার অংশ হিসাবে পরিচালিত যে কোনও ডোজের পাশাপাশি ক্লিনিকাল ট্রায়াল শেষ হওয়ার পরে বা ট্রায়াল প্রোটোকলের পড়ে অন্য সময়ে নিয়ন্ত্রণ গ্রুপের অংশগ্রহণকারীদের দেওয়া (যারা শুরুতে প্লাসিবো পেয়েছেন) এবং পরিচালিত ডোজ অন্তর্ভুক্ত রয়েছে। ক্লিনিকাল ট্রায়ালের অংশগ্রহণকারী সাইটের কর্মীদের অবশ্যই অংশগ্রহণকারীদের একটি টিকাকার্ড সরবরাহ করতে হবে এবং প্রযোজ্য হিসাবে NYSIIS/CIR-এ অংশগ্রহণকারীর টিকাকরণের ইতিহাস প্রবেশ করতে হবে। অনুগ্রহ করে মনে রাখবেন যে শুধুমাত্র যে ভ্যাকসিনগুলির জরুরি ব্যবহারের অনুমোদন জারি করা হয়েছে বা মার্কিন যুক্তরাষ্ট্রের খাদ্য ও ওষুধ প্রশাসন (FDA) দ্বারা অনুমোদিত হয়েছে তাদের প্রবেশ করানো যেতে পারে।

দ্বিতীয় COVID-19 টিকার ডোজ:

ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকার জন্য দুটি ডোজ প্রয়োজন, অন্যদিকে জ্যানসেন (জনসন অ্যান্ড জনসন) টিকার জন্য মাত্র একটি ডোজ প্রয়োজন। দ্বিতীয় ডোজটি অবশ্যই প্রথম ডোজের 21 দিন (ফাইজার-বায়োএনটেক ভ্যাকসিন) বা 28 দিন (মডার্না ভ্যাকসিন) পরে দিতে হবে। এটি সহজতর করতে, সকল সরবরাহকারীকে **অবশ্যই প্রথম ডোজ দেওয়ার সময়** প্রাপকদের জন্য দ্বিতীয় ডোজের অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি তৈরি করতে হবে।

পরিস্থিতি তৈরি হতে পারে যেখানে ব্যক্তিকে তাদের প্রথম টিকা দেওয়ার স্থানের চেয়ে ভিন্ন স্থানে তাদের দ্বিতীয় ডোজ নিতে হবে। সরবরাহকারী যারা নির্ধারণ করেছে যে ব্যক্তি তাদের প্রথম ডোজ পাওয়া জায়গায় ফিরে যেতে পারবে না, তাদের উক্ত ব্যক্তিদের জন্য দ্বিতীয় ডোজের একটি সময়সূচী নির্ধারণ করা উচিত অথবা হাব লিড হাসপাতালের সাথে সমন্বয় করে এমন একজন সরবরাহকারীকে খুঁজে বের করতে হবে যার ব্যক্তিকে টিকা দেওয়ার জন্য যথাযথ টিকার অতিরিক্ত দ্বিতীয় ডোজ আছে। CDC ভ্যাকসিন ফাইন্ডার টুল ব্যবহার করে ভ্যাকসিনের উপলভ্যতাও খুঁজে পাওয়া যেতে পারে। ব্যক্তিদের দ্বিতীয় ডোজের অ্যাপয়েন্টমেন্টগুলি খুঁজে বের করার দায়িত্ব দেওয়া উচিত নয়। এই বাধ্যবাধকতাটি সরবরাহকারীর উপর যারা প্রথম ডোজ পরিচালনা করেছিল।

নিউ ইয়র্ক রাজ্যের বাইরে তাদের প্রথম ডোজ গ্রহণকারী ব্যক্তিদের জন্য বিশেষ বিবেচনা:

যে ব্যক্তিরা নিউ ইয়র্ক স্টেটের বাইরে COVID-19 ভ্যাকসিনের প্রথম ডোজ পেয়েছেন তাদের NYSIIS বা CIR এ এই ডোজের রেকর্ড থাকবে না। দ্বিতীয় ডোজ প্রদানকারী সরবরাহকারীদের হয় ব্যক্তির COVID-19 টিকা রেকর্ড কার্ডে তালিকাভুক্ত তথ্য ব্যবহার করে ঐতিহাসিক রেকর্ডের অংশ হিসাবে NYSIIS/CIR-এ প্রথম ডোজ প্রবেশ করা

উচিত অথবা রোগীকে পরামর্শ দেওয়া উচিত যে তাদের প্রাথমিক যত্ন সরবরাহকারীকে NYSIIS/CIR-এ তাদের প্রথম ডোজ প্রবেশ করতে বলা উচিত যাতে রাষ্ট্রের COVID-19 ভ্যাকসিনের উভয় ডোজের সম্পূর্ণ রেকর্ড থাকে।

ব্যক্তিকে অবশ্যই একই টিকার দুই ডোজ নিতে হবে (উদাহরণস্বরূপ, আপনাকে অবশ্যই Pfizer-BioNTech টিকা বা মডার্না টিকার দুই ডোজ নিতে হবে)। এগুলো বিনিময়যোগ্য **নয়**। অনুগ্রহ করে দ্বিতীয় ডোজ গ্রহণ সম্পর্কে অতিরিক্ত তথ্যের জন্য COVID-19 টিকার দ্বিতীয় ডোজ গ্রহণ সংক্রান্ত নির্দেশিকা (Guidance for Administration of the Second Dose of COVID-19 Vaccine) দেখুন।

দ্বিতীয় ডোজের জন্য প্রথম ডোজের টিকা সংরক্ষণ করবেন না। যথাযথ বিরতিতে দ্বিতীয় ডোজ পরিচালনার জন্য সময়মতো আপনার ফ্যাসিলিটিতে দ্বিতীয় ডোজের বরাদ্দ পাঠানো হবে। **দ্বিতীয় চালানের অন্তর্ভুক্ত ভ্যাকসিনটি অবশ্যই দ্বিতীয় ডোজগুলির জন্য সংরক্ষিত রাখতে হবে।** ফ্যাসিলিটিগুলিকে দ্বিতীয় ডোজের শিপমেন্টের সময় এবং পরিমাণ সম্পর্কে অবহিত করা হবে যাতে এটি আপনার তালিকার প্রথম ডোজ থেকে পৃথক করা যায়।

নিউ ইয়র্ক স্টেট সেন্টার ফর ডিজিজ কন্ট্রোলের (CDC) ভ্যাকসিন ইনভেন্টরি ম্যানেজমেন্ট গাইডেন্স অবলম্বন করেছে নিউ ইয়র্ক স্টেট। এই নির্দেশিকায় সরবরাহকারীদের, সাপ্তাহিক ভিত্তিতে, সকল মিস করা অ্যাপয়েন্টমেন্ট পর্যালোচনা করতে হবে, সেই সাথে 42 দিন পর দ্বিতীয় ডোজঅব্যবহৃত হওয়ার অন্য কোন কারণ পর্যালোচনা করতে হবে, এবং অবশিষ্ট যে কোন ডোজকে প্রথম ডোজ হিসেবে পুনরায় ব্যবহার করতে হবে।

হিমায়িত দ্বিতীয় ডোজ যা নির্ধারিত টিকাকরণের জন্য 42 দিনের সীমার বাইরে নয়, তা অবশ্যই প্রথম ডোজ হিসেবে ব্যবহার করা উচিত নয়। প্রথম ডোজ হিসেবে যে দ্বিতীয় ডোজ দেওয়া যেতে পারে তা হচ্ছে সেই সব ডোজ যেগুলির মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ বা ব্যবহারের তারিখ শেষ হয়ে আসছে, এবং সরবরাহকারীদের অবশ্যই দ্বিতীয় ডোজ গাইডেন্সে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

যে কোন হিমায়িত দ্বিতীয় ডোজ যা বর্তমানে 42 দিনের সীমার বাইরে আছে তা অবিলম্বে প্রথম ডোজ হিসেবে ব্যবহার করা উচিত। এই ডোজগুলি NYS ভ্যাকসিন প্রোগ্রাম গাইডেন্স অনুসারে যে কোনও যোগ্য ব্যক্তিকে দেওয়া যেতে পারে। যদি কোন ব্যক্তি 42 দিনের সীমা মিস করে এবং দ্বিতীয় ডোজের জন্য অনুরোধ করে, তাহলে তাদের তাও দ্বিতীয় ডোজ দেওয়া উচিত। CDC নির্দেশিকা অনুযায়ী সিরিজটি পুনরায় শুরু করার কোন প্রয়োজন নেই। যে সব সরবরাহকারীর দ্বিতীয় ডোজ দেওয়ার জন্য অপর্যাপ্ত টিকা আছে যা 42 দিনের সীমার বাইরে বিলম্বিত হয়েছে, তাদের লিড হাব হাসপাতালের সাথে কাজ করা উচিত, যা দ্বিতীয় ডোজের ওয়েটিং লিস্ট বজায় রাখে।

Pfizer-BioNTech এবং মডার্নার অতিরিক্ত ডোজ:

ফাইজার-বায়োএনটেক এবং মডার্না উভয়ের ভায়ালে অন্তত একটি অতিরিক্ত টিকা থাকে বলে আশা করা হয়। ব্যবহৃত সূচ এবং সিরিঞ্জের ধরণের উপর নির্ভর করে, অতিরিক্ত টীকা শিশিতে থাকতে পারে। টিকাদানকারীগণ যেকোনো অতিরিক্ত টিকা ব্যবহার করতে পারেন যা ডোজের শর্তাবলি পূরণ করতে সহজেই একটি সিরিঞ্জে নেওয়া যেতে পারে। একাধিক শিশি থেকে গৃহীত টিকার অতিরিক্ত তরল অতিরিক্ত ডোজ তৈরির জন্য একত্রিত করা **যাবে না**।
এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ এই টিকায় কোন প্রিজারভেটিভ থাকে না। NYSIIS/CIR-এ প্রদত্ত সকল টিকা প্রবেশ করান, যার মধ্যে রয়েছে প্রদত্ত অতিরিক্ত টিকা, তবে অতিরিক্ত ডোজের আশায় তালিকা পরিবর্তন করবেন না। অতিরিক্ত তথ্যের জন্য অনুগ্রহ করে অতিরিক্ত ডোজের ফাইজার-বায়এনটেক এর নির্দেশিকা এবং মডার্না এর

নির্দেশিকা দেখুন। জ্যানসেন (জনসন অ্যান্ড জনসন) ভায়ালে অতিরিক্ত টীকা দেখা যায়নি প্রত্যাশিত পাঁচ ডোজের বাইরে।

অবশিষ্ট COVID-19 টিকার ডোজ:

সকল টিকা প্রদানকারীকে অবশ্যই সেই অনুযায়ী পরিকল্পনা করতে হবে যাতে প্রতিটি ডোজের টিকা দেওয়া হয়। নষ্ট হওয়া এড়ানোর সঠিক পরিকল্পনার মধ্যে রয়েছে একটি নতুন ভায়াল থেকে প্রথম ডোজ নেওয়ার আগে একটি যোগ্য জনসংখ্যা থেকে প্রাপকদের সঠিক সংখ্যা নিশ্চিত করা।

সকল সরবরাহকারীকে অবশ্যই "অপেক্ষমাণ" যোগ্য ব্যক্তিদের একটি দৈনিক তালিকা রাখতে হবে যাতে স্বল্প সময়ের নোটিশে টিকা পরিচালনার জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়। ("অপেক্ষমাণ" তালিকায় অবশ্যই প্রথম এবং দ্বিতীয় ডোজের জন্য যোগ্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করতে হবে।) যত তাড়াতাড়ি সরবরাহকারীরা জানতে পারবে হবে যে মানুষের টিকা দেওয়ার চেয়ে বেশি ডোজ আছে, তখন "অপেক্ষমাণ" যোগ্য ব্যক্তিদের ডাকা উচিত অথবা গ্রহণযোগ্য ব্যবহারের মেয়াদ শেষ হওয়ার আগে অতিরিক্ত যোগ্য প্রাপকদের ফ্যাসিলিটি বা ক্লিনিকে আনার জন্য অন্যান্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। ক্লিনিকের দিন শেষে অতিরিক্ত ডোজ ব্যবহারের সুবিধার্থে প্রতিটি সরবরাহকারীর তাদের আঞ্চলিক হাব হাসপাতালের সাথে যোগাযোগ করা উচিত।

বাধ্যতামূলক টিকা ফরম:

COVID-19 টিকা প্রাপ্ত সকল ব্যক্তিকে **অবশ্যই** প্রথম ডোজের জন্য নিউ ইয়র্ক স্টেট COVID-19 টিকা ফরম পূরণ করতে হবে এবং তারা টিকা পাওয়ার যোগ্য তার প্রমাণ দেখাতে হবে। নির্বাহী আদেশ 202.86 অনুযায়ী এবং এর বৃদ্ধি অনুযায়ী, টিকাদানের সময় সব অনুশীলনকারী, সরবরাহকারী এবং সংস্থাগুলিকে অবশ্যই এই শর্তাবলি মেনে চলা নিশ্চিত করতে হবে।

যোগ্যতার প্রমাণ:
যে সকল ব্যক্তিকে টিকা দেওয়া হচ্ছে তাদের **অবশ্যই** যোগ্যতার প্রমাণ পেশ করতে হবে।

যদি কোনো ব্যক্তি নিউ ইয়র্কে বাস করেন কিন্তু অন্য স্টেটে চাকরি বা কাজ করেন, তাহলে সেই ব্যক্তিকে অবশ্যই নিউ ইয়র্কে বসবাসের প্রমাণ প্রমাণ দেখাতে হবে।

কাজ বা চাকুরীর প্রমাণের মধ্যে থাকতে পারে:

- একটি কর্মচারী আইডি কার্ড বা ব্যাজ,
- নিয়োগকর্তা বা সংশ্লিষ্ট সংস্থার চিঠি,
- বেতনের স্টাব, নির্দিষ্ট অগ্রাধিকারযুক্ত স্থিতির উপর নির্ভর করে, অথবা
- একটি অ্যাপ্লিকেশনের মাধ্যমে কাজের প্রমাণ প্রদর্শন করতে হবে (উদাহরণস্বরূপ- উবার (Uber), লিফট (Lyft), ডোরড্যাশ (DoorDash), ইত্যাদি)।

যদি কোনো ব্যক্তি তাদের বয়সের কারণে যোগ্য হন তাহলে তাদের অবশ্যই বয়সের এবং নিউ ইয়র্কে বসবাসের প্রমাণ পেশ করতে হবে। নিউ ইয়র্কে বসবাসের প্রমাণস্বরুপ একজন ব্যক্তিকে অবশ্যই দেখাতে হবে:

- নিম্নলিখিতগুলির একটি: স্টেট বা সরকার-জারিকৃত আইডি (ID); কনস্যুলেট আইডি (যদি নিউ ইয়র্কের ঠিকানা প্রদর্শিত হয়); বাড়িওয়ালা থেকে বিবৃতি; বর্তমান ভাড়া প্রাপ্তি বা ইজারা; বন্ধকের রেকর্ড; অথবা
- নিম্নলিখিতগুলির দুইটি: অন্য কোনো ব্যক্তির কাছ থেকে প্রাপ্ত বিবৃতি; বর্তমান মেইল; স্কুলের রেকর্ড।

বয়সের প্রমাণের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ড্রাইভিং লাইসেন্স অথবা নন-ড্রাইভার আইডি;
- স্টেট বা স্থানীয় সরকার দ্বারা প্রদান করা জন্ম সনদ;
- কনসুলেট আইডি;
- বর্তমান মার্কিন পাসপোর্ট বা বৈধ বিদেশী পাসপোর্ট;
- স্থায়ী রেসিডেন্ট কার্ড;
- ন্যাচারালাইজেশন বা নাগরিকত্বের সার্টিফিকেট;
- জন্ম তারিখসহ জীবন বিমা পলিসি বা
- জন্ম তারিখসহ বিয়ের সার্টিফিকেট।

অন্যথায়, নিয়োগকর্তা বা প্রতিষ্ঠান টিকাদানের যোগ্যতার মাপকাঠি পূরণকারী কর্মচারীদের একটি তালিকা প্রদান করতে পারে। যাদের যোগ্যতার প্রমাণ নেই এমন কাউকে টিকা দেবেন না।

বাধ্যতামূলক নিউ ইয়র্ক স্টেট COVID-19 ভ্যাকসিন ফরম এর মধ্যে টিকা দেওয়ার জন্য যোগ্যতার একটি স্ব-প্রত্যায়ন অন্তর্ভুক্ত রয়েছে, যা টিকা দেওয়ার আগেই পূরণ করতে হবে। নাবালকদের অবশ্যই সনাক্তকরণ উপস্থাপন করতে হবে যাচাই করতে যে তাদের বয়স কমপক্ষে 16 বছর বা তাদের পক্ষে সত্যায়িত করার জন্য একজন পিতামাতা উপস্থিত থাকতে হবে।

টিকার নিরাপত্তা:

টিকাদান পরবর্তী পর্যবেক্ষণ COVID-19 টিকাদান কার্যক্রমের একটি অপরিহার্য অংশ। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) যারা ভি-সেফ (V-Safe)-এ টিকা দেওয়া হচ্ছে তাদের উৎসাহিত করছে এবং উৎসাহিত করছে, একটি স্মার্ট ফোন ভিত্তিক অ্যাপ্লিকেশন যা টিকা দেওয়ার পরের দিনগুলোতে তাদের লক্ষণগুলো টেক্সট মেসেজিং ব্যবহার করে প্রবেশ করতে পারবে। এছাড়াও ভি-সেফ (V-Safe) দ্বিতীয় ডোজের জন্য রিমাইন্ডার প্রদান করে এবং যারা চিকিৎসাগতভাবে উল্লেখযোগ্য প্রতিকূল ঘটনা রিপোর্ট করে তাদের জন্য টেলিফোনে ফলো আপ করে। ভি-সেফ উপাদান http://www.cdc.gov/vsafe ঠিকানায় পাওয়া যাবে, যার মধ্যে রয়েছে একটি ভি-সেফ তথ্যপত্র। অনুগ্রহ করে তথ্যপত্রটি প্রিন্ট করুন এবং টিকা দেওয়া প্রত্যেক ব্যক্তির হাতে তুলে দিন। টিকা প্রতিকূল ইভেন্ট রিপোর্টিং সিস্টেমে (Vaccine Adverse Events Reporting System, VAERS) info@VAERS.org টিকা দেওয়ার পর অথবা 1-800-822-7967 নম্বরে ফোন করে আপনাকে অবশ্যই কোনো প্রতিকূল ঘটনার রিপোর্ট করতে হবে।

নিরপেক্ষতা:

সকল কমিউনিটি এবং পরিবেষে 16 বছর এবং তার বেশি বয়স্ক ব্যক্তিদের জন্য আউটরিচ প্রদানের চেষ্টা করতে হবে। যেসব এলাকায় ব্যক্তিদের উচ্চ মাত্রার সামাজিক ঝুঁকির সূচক আছে তারা বিশেষ করে COVID-19-এর ঝুঁকি রয়েছে এবং তারা কিভাবে টিকা পেতে পারে সে সম্পর্কে তাদের অবহিত করা উচিত।

পরিকল্পনা শেয়ার করা:

অনুগ্রহ করে সকল কর্মচারীকে অগ্রাধিকারের বিষয়টি স্পষ্টভাবে জানিয়ে দিন।

এই নির্দেশিকা ইস্যু করার তারিখ থেকে এটি হালনাগাদ না করা পর্যন্ত অথবা NYSDOH দ্বারা অতিরিক্ত নির্দেশিকা জারি না করা পর্যন্ত কার্যকর থাকবে। যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ, ব্যুরো অব ইমিউনাইজেশনের সাথে COVID19vaccine@health.ny.gov ঠিকানায় যোগাযোগ করুন।

নিউ ইয়র্ক স্টেট টিকাকরণ প্রোগ্রামের নির্দেশিকা
পরিশিষ্ট A
টিকা দেওয়ার যোগ্য অগ্রাধিকার গ্রুপ

16 বছর বা তার বেশি বয়সী সমস্ত ব্যক্তি, যারা নিউ ইয়র্কে বাস করেন, কাজ করেন বা অধ্যয়ন করেন তারা টিকা পাওয়ার যোগ্য। **যাইহোক, 16 এবং 17 বছর বয়সী নাবালকরা জেনসেন বা মডার্না COVID-19 ভ্যাকসিন পাওয়ার জন্য অনুমোদিত নয়। 16 বছরের কম বয়সী শিশুরা এখনও কোনও COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য নয়।**

অপ্রাপ্তবয়স্ক সম্মতি

এই নথির উদ্দেশ্যে, একজন নাবালককে 18 বছরের কম বয়সী ব্যক্তি হিসাবে সংজ্ঞায়িত করা হয়। নাবালকদের একটি COVID-19 ভ্যাকসিন পেতে পিতামাতা বা অভিভাবকের সম্মতি প্রয়োজন, বিরল উদাহরণ ছাড়া যেখানে নাবালক একটি গ্রুপের অংশ যাকে আইন তাদের নিজস্ব যত্নে সম্মতি দেওয়ার অধিকার দেয় (যেমন, বিবাহিত নাবালক, নাবালক যারা পিতামাতা বা গর্ভবতী, এবং সামরিক বাহিনীতে থাকা নাবালক)।

সাধারণভাবে, এটা দৃঢ়ভাবে উত্সাহিত করা হয় যে একজন পিতামাতা বা আইনি অভিভাবক প্রতিটি ডোজে টিকাকরণের জন্য ব্যক্তিগত সম্মতি প্রদানের জন্য 16 বা 17 বছর বয়সী নাবালকের সাথে সশরীরে যাবেন। ভ্যাকসিন সাপোর্ট/মেডিকেল ডকুমেন্টেশন স্টাফদের অবশ্যই CDMS নোট বিভাগে নাবালকের জন্য সম্মতি প্রদানকারী ব্যক্তির নাম নথিভুক্ত করতে হবে। মৌখিক সম্মতি অনুমোদিত।

যদি কোনও নাবালক সঙ্গীহীন হয় তবে সরবরাহকারীকে সম্মতি দেওয়ার জন্য নাবালকের টিকা দেওয়ার সময় একজন পিতামাতা বা অভিভাবকের সাথে ফোনে যোগাযোগ করার চেষ্টা করা উচিত। সরবরাহকারীরা পিতামাতা বা অভিভাবকের কাছ থেকে সম্মতির একটি লিখিত বিবৃতি গ্রহণ করবেন কিনা তা নির্বাচন করতে পারেন, যেখানে পিতামাতা বা অভিভাবক কোনও অপ্রাপ্তবয়স্ককে টিকা দেওয়ার সম্মতি দেওয়ার জন্য ফোনে উপলভ্য নয়। NYS COVID-19 টিকাকরণ স্ক্রিনিং এবং সম্মতি ফর্ম এই উদ্দেশ্যে বিবেচনা করা যেতে পারে।